গনভোট ও ৫দফা দাবি আদায়ে বিক্ষোভ সমাবেশ ও মিছিল করেছে জামায়াত

‎আইয়ুব আলী ময়মনসিংহ:: ‎ বাংলাদেশ জামায়াতে ইসলামী ময়মনসিংহ মহানগরের আয়োজনে ২৫ অক্টোবর (শনিবার) বিকালে ময়মনসিংহ রেলওয়ে স্টেশন কৃষ্ণচূড়া চত্বরে নভেম্বরের মধ্যে গনভোট ও জামায়াতের ৫দফা দাবি আদায়ে বিক্ষোভ সমাবেশ ও মিছিল করেছে বাংলাদেশ জামায়াতে ইসলামীর ময়মনসিংহ মহানগর ও জেলা পর্যায়ের নেতাকর্মী ও জামায়াত সমর্থকেরা ।
‎
‎ প্রধান অতিথির বক্তব্যে ময়মনসিংহ মহানগর জামায়াতের আমীর মাওলানা কামরুল এহসান এমরুল বলেন,
‎
‎জামায়েতের ৫দফা দাবিতে রয়েছে, জুলাই সনদের ভিত্তিতে জাতীয় নির্বাচন । উভয় কক্ষে পি আর পদ্ধতি চালু করা । লেভেল প্লেয়িং ফিল্ড নিশ্চিত করা । গণহত্যা ও দুর্নীতির বিচার করা এবং জাতীয় পার্টি সহ ১৪ দলের কার্যক্রম নিষিদ্ধ করা ।
‎
‎বিক্ষোভ সমাবেশ শেষে কৃষ্ণচূড়া চত্বর থেকে মিছিল শুরু করে কালিবাড়ী সড়ক হয়ে নগরীর প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে নগরীর টাউন হল চত্ত্বরে গিয়ে মিছিলটি শেষ করেন।

এসময় উপস্থিত ছিলেন, ময়মনসিংহ জেলা জামায়াতের সভাপতি আব্দুল করীম, আমীর কামরুল ইসলাম মিলন ও মোজাম্মেল হক।